

		
		
<p><b>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প</b></p> <p><b>কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি</b></p> <p><b>কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</b></p>		

**সম্ভাব্য হিট শক থেকে বোরো ধান রক্ষার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ:**

প্রকাশের তারিখ: ১২ এপ্রিল, ২০২১

বর্তমান আবহাওয়ায় কালবৈশাখী ঝড়ের সাথে তাপপ্রবাহ বয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। এমতাবস্থায় সম্ভাব্য হিট শক থেকে বোরো ধান রক্ষার জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়ের অনুমোদনক্রমে নীচের পরামর্শসমূহ প্রদান করা হলো:

- ধানের দানা শক্ত হওয়ার পূর্ব পর্যন্ত জমিতে অবশ্যই ২-৩ ইঞ্চি দাঁড়ানো পানি রাখতে হবে।
- প্রাথমিকভাবে বিএলবি বা বিএলএস রোগের আক্রমণ দেখা দিলে ৬০ গ্রাম এমওপি, ৬০ গ্রাম থিওভিট ও ২০ গ্রাম দস্তা সার ১০ লিটার পানিতে ভালোভাবে মিশিয়ে ৫ শতাংশ জমিতে বিকালে স্প্রে করতে হবে। তবে ধানে খোড় বের হওয়ার আগে বিঘাপ্রতি অতিরিক্ত ৫ কেজি পটাশ সার উপরিপ্রয়োগ করলেও ভাল ফল পাওয়া যাবে। এ রোগ দেখা দিলে অবশ্যই ইউরিয়া সারের উপরিপ্রয়োগ বন্ধ রাখতে হবে।
- বোরো ধানে নেক ব্লাস্ট রোগ দেখা দিতে পারে। এ রোগ হোক বা না হোক শীষের মাথা বের হওয়া পর্যায়ে ৫ শতাংশ জমিতে ৮ গ্রাম ট্রুপার/৬ গ্রাম নেটিভো/ ট্রাইসাইক্লোজল গ্রুপের অনুমোদিত ছত্রাকনাশক ১০ লিটার পানিতে ভালভাবে মিশিয়ে বিকালে ৫-৭ দিন অন্তর দুইবার স্প্রে করতে হবে।